



স্থাপিত : ১৯৯২

বালিগঞ্জ জগদ্বন্ধু ইনসটিটিউশন অ্যালুমনি অ্যাসোসিয়েশন

রেজি নং S/73377 under WB Act XXVI of 1961

25, ফার্ন রোড, কলকাতা - 700 019, ফোন : 65100696

e-mail : jbi.alumni.1914@gmail.com

Website : jagadbandhualumni.com

সভাপতি : তুষারকান্তি তালুকদার '56 সম্পাদক : রজত ঘোষ '85

RNI No. WBBEN/2010/32438

Regd. No. : KOL RMS / 426 / 2011-2013

• Vol. 3 • Issue : 1 • 15 January, 2012 •



Price Rs. 2/-

চিন্ময় গুহ

আমাদের প্রাক্তন ছাত্র রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মনোনীত হওয়ায় আমরা গৌরবান্বিত বোধ করছি।

তাঁর উত্তরোত্তর আরও শ্রীবৃদ্ধি হোক -এ আমাদের আন্তরিক কামনা।

প্রাক শতবর্ষ পুনর্মিলন উৎসব ২০১২

প্রিয় প্রাক্তনী

প্রাক শতবর্ষ পুনর্মিলন উৎসবকে আকর করে আগামী ১১-১২ ফেব্রুয়ারি '১২ যথাক্রমে শনি ও রবিবার আমাদের পরম প্রিয় বিদ্যালয় প্রাঙ্গণে সবাই সমবেত হব আপনিও অবশ্যই থাকবেন আমাদের সাথে তা না হলে উৎসব তো পরিপূর্ণতা পাবে না। এই উৎসবে আপনার নাম নথীবদ্ধ করতে আমাদের অফিসে আসুন অথবা রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে আমাদের পাঠান। বর্তমান সময়ে যে কোনো কিছু আয়োজন করতে আবশ্যিক হয়ে পড়ে অর্থ, প্রাক শতবর্ষের পুনর্মিলন উৎসবে আমরা আসন্ন শতবর্ষ উৎসবের জন্য বেশ কিছুটা অর্থ সংগ্ৰহও করতে চাই। মাথা পিছু রেজিস্ট্রেশন ফি নির্দিষ্ট হয়েছে ২৫০ টাকা। অনুজ জগদ্বন্ধুরা যারা ২০০৭ সালে বা তার পরে মাধ্যমিক পাশ করেছে তাদের মাথা পিছু দেয় টাকার পরিমাণ ২০০ টাকা। আপনাদের সকল প্রাক্তনীদেব কাছে এই রেজিস্ট্রেশন ফির সঙ্গে যেকোনো অঙ্কের অনুদান (ডোনেশন) দিতে অনুরোধ করা হচ্ছে। যাঁদের বিজ্ঞাপন দেওয়ার সুযোগ আছে তাঁরা সহযোগিতার হাত প্রসারিত করবেন এতো বলাই বাহুল্য। প্রাক শতবর্ষ পুনর্মিলন উৎসবের জন্য ২৫শে জানুয়ারি থেকে অ্যালুমনি অফিস রবিবার সকাল ১১-৩০ থেকে ১২-৩০ এবং অন্যান্য দিনগুলিতে সন্ধ্যা ৭-৩০ থেকে ৯.০০টা পর্যন্ত খোলা থাকবে। সুতরাং প্রাক শতবর্ষের পুনর্মিলন উৎসবকে সফল করে তুলতে আপনি আপনার পরিচিত জগদ-বন্ধুদের সঙ্গে নিয়ে বাসন্তিক হালকা হিমেল হাওয়ায় আমাদের নন্দনলোক, দেবালয়ের প্রাঙ্গণে ১১-১২ ফেব্রুয়ারি হাজির থাকবেন। এ বিষয়ে বিস্তারিত জানতে চোখ রাখুন

jagadbandhualumni.com ওয়েবসাইটটির দিকে।

অথবা ফোন করুন -

৯৮৩১১৪৫৩১৬, ৯৮৩০৫৭৯২৩০

প্রাক শতবর্ষ পুনর্মিলন উৎসব ২০১২

PRE-CENTENARY



UNION

JAGADBANDHU

•INSTITUTION•

11-12 February 2012

JBI Alumni Association

১১ ফেব্রুয়ারি শনিবার

সঙ্কেবেলা এবং

১২ ফেব্রুয়ারি রবিবার

দিনের বেলায় জগদ্বন্ধুর

সকল প্রাক্তনীদেব সাদর

আমন্ত্রণ রইল।

ব্রাত্য SMS : আমরা সাধারণত অ্যালুমনি অ্যাসোসিয়েশনের খবরাখবর গ্রুপ SMS এর মাধ্যমে আপনাদের জানিয়ে থাকি। কিন্তু এখন এই Group SMS-এর মাধ্যমে বার্তা বহন করা যাচ্ছে না, তাই বিপ্লিত আমাদের SMS মাধ্যম আমরা অন্য পথের সন্ধানে আছি। আমরা E-mail করেও আপনাদের সঙ্গে সংযোগের প্রচেষ্টা চালাচ্ছি। কিন্তু সেক্ষেত্রে সমস্যা হল খুব কম সংখ্যক Mail ID আমাদের কাছে এসেছে এক্ষণে আপনাদের অনুরোধ অ্যালুমনির বিভিন্ন বার্তাগুলো আপনার স্কুল পরিচিতদের ফরওয়ার্ড করে দিলে, সবাই খবরটা পেয়ে যাবেন। আর Group SMS সংক্রান্ত কোনো তথ্য আমাদের জানতে পারেন - email করে।

খেয়ার এই সংখ্যাটি ১৯৬৭ সালের ভাস্কর রায়-এঁর সৌজন্যে মুদ্রিত

